**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা কবিতা/গল্প
সংবাদপত্রে প্রকাশিত করতে
যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা- **হোটেল/রিসোর্ট :**- তারাপীঠ,দিঘা ,পুরী, চিলকা, দার্জিলিং,আন্দামান । **হোম স্টে :**- আলিপুরদুয়ার। **বাগান বাড়ি :**- খেজুরি-পূর্ব মেদিনীপুর। বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে। ফোন নং: 9062867921 ।



ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746 PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 8 OCTOBER 2025 ,WEDNESDAY | ৮ অক্টোবর ২০২৫ ,বুধবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-412


# আহত বিজেপি সাংসদ খগেন মুর্মু কে দেখতে হাসপাতালে মুখ্যমন্ত্রী



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৭ অক্টোবর : আহত বিজেপি সাংসদ খগেন মুর্মুকে দেখতে মঙ্গলবার দুপুরে শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালে যান রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উল্লেখ্য সোমবার জলপাইগুড়ি জেলার নাগরাকাটায় বন্যা কবলিত এলাকা পরিদর্শনে গিয়ে দুষ্কৃতিদের আক্রমনে আহত হন উত্তর মালদহের বিজেপি সাংসদ খগেন মুর্মু ও শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ। দুজনেই শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন। এদিন হাসপাতালে গিয়ে মুখ্যমন্ত্রী চিকিৎসাধীন সাংসদের সাথে কথা বলে তার স্বাস্থ্য সম্পর্কে খোঁজ খবর নেন মুখ্যমন্ত্রী জানান তিনি রাজনীতি করতে আসেননি, এসেছেন সৌজন্য বিনিময় করতে।

## বিজেপির প্রতিবাদ মিছিলে হঠাৎই বন্ধ হল হাওড়া ব্রিজের একাংশ



এই যুগ , হাওড়া ,৭ অক্টোবর : সোমবার ত্রাণসামগ্রী দিতে গিয়ে গুরুতর আক্রান্ত হন বিজেপি সাংসদ খগেন মুর্মু ও শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ। সাংসদ খগেন মুর্মু এ ঘটনায় গুরুতর আহত হন ,চোখের নিচের হাড় ভেঙেছে। শিলিগুড়ির বিধায়ক কেও মারধরের অভিযোগ উঠেছে । এই ঘটনার প্রতিবাদে রাজ্যের বিভিন্ন জায়গায় বিজেপি প্রতিবাদে সরব হন । উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ, জেলায় জেলায় পথে নেমে বিক্ষোভ দেখাচ্ছে বিজেপি নেতা কর্মী সমর্থকরা। মঙ্গলবার এই ঘটনার প্রতিবাদে স্তব্ধ হলে হাওড়া ব্রিজের একাংশ। বিজেপি বিক্ষোভকারীদের রুখতে পুলিশ গার্ডরেল বসিয়ে দেয় হাওড়া ব্রিজের মুখে। সৃষ্টি হয় চরম বিশৃঙ্খলার। প্রসঙ্গত সোমবার উত্তরবঙ্গের প্লাবিত নাগরাকাটায় ত্রাণ দিতে গিয়ে দুষ্কৃতকারীদের হাতে রক্তাক্ত হয়ে হাসপাতালে ভর্তি হন মালদা উত্তরের বিজেপি সাংসদ খগেন মুর্মু ও শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ। সেই ঘটনার প্রতিবাদে আজ হাওড়া ব্রিজের সামনে এ দিন বিক্ষোভ কর্মসূচি পালন করে বিজেপির মহিলা মোর্চা। বিজেপি মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্রের নেতৃত্বে এদিন বিজেপি কর্মীরা বিক্ষোভ দেখান।মিছিল হাওড়া ব্রিজে ওঠার মুখেই বিশৃঙ্খলা পরিস্থিতির সৃষ্টি হয়। ব্রিজে ওঠার আগে হাওড়া সিটি পুলিশের পক্ষ থেকে লোহার গার্ডরেল দিয়ে ব্যারিকেড তৈরি করে দেওয়া হয়। সেই গার্ডরেল বিজেপি কর্মীরা সরাতে গেলে দু'পক্ষের মধ্যে অশান্তি বাধে। এমন পরিস্থিতি তৈরি হয়, হাওড়া থেকে কলকাতাগামী রাস্তায় যান চলাচল বন্ধ হয়ে যায়। এক ঘন্টার ও বেশি হাওড়া ব্রিজে যান চলাচল ব্যাহত হয়।

## মণ্ডপ না খোলায় আইনি ব্যবস্থার কড়া বার্তা পুরসভার



এই যুগ , কলকাতা,৭ অক্টোবর : বাঙালির সর্বশ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো শেষ, বিসর্জনের পালাও শেষ হয়েছে।তবে এখনও অনেক পুজো কমিটিই মণ্ডপের সরঞ্জাম সরায়নি । শিঘ্রই সে সব সরঞ্জাম সরিয়ে নেবার জন্য দুর্গা পুজো উদ্যোক্তাদের আরও একবার বার্তা দিল কলকাতা পৌরসভা। পুর-স্বাস্থ্য বিভাগের এক আধিকারিক সোমবার জানান, প্যান্ডেল খুলতে পুজো উদ্যোক্তাদের আর দিন পাঁচেক সময় দেওয়া হবে। তার মধ্যে কাজ না হলে পুজো উদ্যোক্তাদের নোটিস পাঠানো হবে। নেওয়া হতে পারে তাঁদের বিরুদ্ধে আইনি ব্যবস্থাও। কলকাতা পৌরসভার ডেপুটি মেয়র তথা বিধায়ক অতীন ঘোষ বলেন, 'প্রতিটি পাড়ায় নজর রাখছে স্বাস্থ্য বিভাগের কর্মীরা। নির্দিষ্ট সময়ের মধ্যে মণ্ডপ খোলা না হলে সংশ্লিষ্ট আয়োজকদের প্রথমে সতর্ক করা হবে। তাতেও কাজ না হলে আইনি পথ।


# হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-
**তারাপীঠ**(হোটেল),**দিঘা**(হোটেল/রিসোর্ট) ,**পুরী**(হোটেল/রিসোর্ট), **চিলকা**(হোটেল), **দার্জিলিং**(হোটেল), **আলিপুরদুয়ার**(হোম স্টে),**খেজুরি-পূর্ব মেদিনীপুর**(বাগান বাড়ি),**আন্দামান** (হোটেল) ।
বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।
ফোন নং: **৯০৬২৮৬৭৯২১** ।



# বিজেপিতে ভাঙ্গন আলিপুরদুয়ারে



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৭ অক্টোবর : বিজেপিতে ভাঙ্গন আলিপুরদুয়ারে। মঙ্গলবার দুপুরে আলিপুরদুয়ার জেলা তৃণমূল কার্যালয়ে এসে বিজেপি ছেড়ে তৃণমূলের পতাকা হাতে তুলে নেন বিজেপির মাদারীহাট এক নম্বর মন্ডল সভাপতি তথা মাদারীহাট বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে বিজেপি প্রার্থী রাহুল লোহার। তিনি উপ নির্বাচনে তৃণমূল প্রার্থী জয় প্রকাশ টপ্পোর কাছে পরাজিত হন। রাহুলের হাতে তৃণমূলের দলীয় পতাকা তুলে দেন দলের জেলা সভাপতি প্রকাশ চিক বরাইক। উপস্থিত ছিলেন তৃণমূল নেতা মৃদুল গোস্বামী, গঙ্গা প্রসাদ শর্মা সহ অন্যান্যরা। রাহুল লোহার জানান সাধারন মানুষের জন্য কাজ করে চলেছেন মমতা বন্দ্যোপাধ্যায় ও তার সরকার। বিজেপি নেতারা সাধারন মানুষের কল্যানে কোনো কাজ করতে পারছেননা, তারা শুধু ভাষন দিয়ে যাচ্ছেন। সাধারন মানুষের জন্য কাজ করতেই তিনি তৃণমূলে যোগ দিলেন। দল যেভাবে তাকে কাজ করতে বলবে তিনি সেভাবেই কাজ করবেন বলেও জানান রাহুল লোহার।

# ১২টি কুনকি হাতি পাঁচটি গন্ডার কে জঙ্গলে ফেরালো



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৭ অক্টোবর : বনকর্মীদের মুখে হাসি ফুটল শেষ পর্যন্ত। দীর্ঘ প্রচেষ্টার পর বনকর্মীরা সাফল্য পেল তাদের কর্মে। তিন দিন ধরে নিরলস প্রচেষ্টার পর বন দপ্তর সফলভাবে পাঁচটি একশৃঙ্গ গণ্ডারকে উদ্ধার করে ফেরত এনেছে জলদাপাড়া জাতীয় উদ্যানের বনে। তোর্সা নদীর প্রবল স্রোতে ভেসে গিয়ে গণ্ডারগুলো আশপাশের জনবসতিপূর্ণ এলাকায় আশ্রয় নিয়েছিল।উদ্ধার অভিযানটি ছিল অত্যন্ত জটিল। এতে অংশ নেয় ১২টি প্রশিক্ষিত কুনকি হাতি, অসংখ্য সরকারি গাড়ি এবং একশোরও বেশি বনকর্মী। সমস্ত প্রতিকূলতা সত্ত্বেও কোনো গ্রামবাসী আহত হননি। আশ্চর্যের বিষয়, স্বভাবতই আক্রমণাত্মক গণ্ডারগুলো উদ্ধার অভিযানের সময় একেবারেই শান্ত ছিল এবং দর্শনার্থীদের উপস্থিতিতেও কোনো হুমকি সৃষ্টি করেনি।অভিযান এখনও সম্পূর্ণ শেষ হয়নি। কোচবিহার জেলার ঘোকসাডাঙ্গা এলাকার খুট্টিমারির কাছে আরও একটি গণ্ডার আটকে রয়েছে। বনকর্মীরা ইতিমধ্যে ওই এলাকা ঘিরে ফেলেছেন এবং রাতে কুমকি হাতিদের সহায়তায় উদ্ধার অভিযান শুরু করার পরিকল্পনা করছেন। রবিবার থেকে এই উদ্ধার অভিযান শুরু হয়, যখন তোর্সা নদীর বন্যায় ছয়টি গণ্ডার ভেসে যায়। গণ্ডারগুলি জনবসতিপূর্ণ এলাকায় পৌঁছে গেছে জানতে পেরে বন দপ্তর দ্রুত সক্রিয় হয়, যাতে কোনো বিপদ না ঘটে। জনসুরক্ষার স্বার্থে দিনে গণ্ডার সরানোর কাজ না করে, বনকর্মীরা রাতে নিরবচ্ছিন্ন নজরদারির মধ্যে উদ্ধার অভিযান চালিয়ে যান।গণ্ডারকে অচেতন করে স্থানান্তর করা অত্যন্ত জটিল ও ব্যয়বহুল প্রক্রিয়া, যেখানে 'ইমোবিলন' নামক বিরল ওষুধ এবং রাজ্যের প্রধান বন্যপ্রাণ সংরক্ষকের লিখিত অনুমতি প্রয়োজন। এই জটিলতা বিবেচনা করে জলদাপাড়া বনবিভাগ হাতে করেই উদ্ধার অভিযান চালানোর সিদ্ধান্ত নেয় — যা ঝুঁকিপূর্ণ হলেও প্রয়োজনীয় ছিল।বন দপ্তরের কর্মকর্তারা জানিয়েছেন, উদ্ধার হওয়া পাঁচটি গণ্ডারই শারীরিকভাবে সম্পূর্ণ সুস্থ রয়েছে। আগামী কয়েকদিন তাদের চলাচলের ওপর নিবিড় নজরদারি রাখা হবে, যাতে নিশ্চিত করা যায় যে তারা সম্পূর্ণ সুস্থ আছে।

# কামাখ্যাগুড়ি বাজার এলাকায় বিজেপির পথ অবরোধ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ৭ অক্টোবর : কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাওঁ ও CISF জওয়ান সহ বিজেপি কর্মীদের উপর হামলার প্রতিবাদে মঙ্গলবার সন্ধ্যায় কামাখ্যাগুড়ি বাজার চৌপথিতে বিক্ষোভ ও পথ অবরোধে সামিল হল বিজেপি কর্মীরা। প্রায় এক ঘণ্টা ধরে চলে এই অবরোধ কর্মসূচি, যার ফলে এলাকায় যান চলাচলে সাময়িক বিশৃঙ্খলা দেখা দেয়। বিজেপির কর্মী-সমর্থকরা অভিযোগ করেন, মঙ্গলবার কুমারগ্রামের বৃত্তিবাড়ি এলাকায় বিধায়ক মনোজ কুমার ওরাওঁ বন্যাদুর্গতদের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করতে গেলে তৃণমূল কর্মীরা হামলা চালায়। হামলায় CISF জওয়ান ও কয়েকজন বিজেপি কর্মীও আহত হন বলে দাবি বিজেপির।এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বিজেপির নেতা বলেন "একজন নির্বাচিত জনপ্রতিনিধির উপর এই হামলা গণতন্ত্রের উপর আঘাত। প্রশাসন যদি দোষীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ না নেয়, তাহলে আরও বৃহত্তর আন্দোলনে নামবে বিজেপি।"

# আলিপুরদুয়ারে দুর্যোগপূর্ণ এলাকা পরিদর্শন করলেন বিধায়ক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ অক্টোবর : আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের শিসা মারা নদীর ভাঙাবাঁধ পরিদর্শন করলেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল মঙ্গলবার বিকেল চারটা নাগাদ এমনটাই জানা গেছে বিধায়কের কাছ থেকে। এদিন বিধায়ক দলীয় কর্মী সহ ওই এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলেন দুর্যোগ নিয়ে। গত রবিবার আচমকাই ভুটানের ছাড়া জলে আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের শিসামারা এলাকায় নদীর বাঁধের ভাঙ্গন এর পাশাপাশি প্রচুর পরিমাণে ক্ষতি হয় এলাকায়। মঙ্গলবার বিধায়ক ওই এলাকার বাসিন্দাদের সঙ্গে দেখা করে ভাঙ্গা বাঁধ পরিদর্শন করলেন। ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের সঙ্গে কথা বলেন তিনি।

# ভয়াবহ দুর্ঘটনায় গাড়ির চালকের মৃত্যু



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ অক্টোবর :গৌহাটি থেকে কলকাতা যাওয়ার পথে পথ দুর্ঘটনায় মৃত্যু হল কন্টেইনার গাড়ির চালকের এমনটাই জানা গেছে শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদকের কাছ থেকে। মঙ্গলবার বেলা দশটা নাগাদ গাড়ির চালককে মৃত অবস্থায় উদ্ধার করেন পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে সোমবার গভীর রাতে ৩১ নম্বর জাতীয় সড়কের দুর্গা বাড়ির সংলগ্ন একটি ব্রীজের পাশ দিয়ে কন্টেইনার গাড়িটি গর্তে পড়ে যায়। প্রায় ৩০ থেকে ৪০ ফুট নিচে থেকে গাড়িটিকে উদ্ধার করে উপরে তুলে গাড়ির চালককে মৃত অবস্থায় বের করা হয়। গাড়ির সামনের অংশ ছিন্ন বিচ্ছিন্ন হয়ে পড়ে। পুলিশ গাড়ির চালকের মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে পাঠিয়েছে। ময়না তদন্তের পর মৃতদেহ মর্গে রাখা হবে ।গাড়িচালকের বাড়ি হরিয়ানাতে। তার নাম বিশাল তার বয়স ৩১ বছর। মৃত চালকের বাড়ির সঙ্গে যোগাযোগ করেছেন পুলিশ বুধবার হরিয়ানা থেকে তার পরিবারের লোকেরা এসে পৌঁছাবে আলিপুরদুয়ারে। দুর্ঘটনা গ্রস্ত গাড়িটিকে উদ্ধার করে পুলিশ হেফাজতে রাখা হয়েছে।

# সোনাপুর চৌপথীতে টায়ার জ্বালিয়ে পথ অবরোধ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ অক্টোবর : বিজেপির বিধায়ক এবং সাংসদের উপর অমানবিক অত্যাচার এবং আক্রমণের প্রতিবাদে আলিপুরদুয়ার ১ নম্বর ব্লকের সোনাপুর চৌপথীতে টায়ার জ্বালিয়ে পথ অবরোধ করে বিজেপির নেতৃত্বরা এমনটাই জানা গেছে নেতৃত্বের কাছ থেকে মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ। সাংসদ খগেন মুর্মু এবং বিধায়ক শংকর ঘোষ কে আক্রমণ করেছে তৃণমূল নেতৃত্বরা। ত্রাণ দিতে গিয়ে বিজেপির নেতৃত্বরা মার খেয়েছেন তারই প্রতিবাদে মঙ্গলবার তাদের পথ অবরোধ হয়। পথ অবরোধের ফলে ব্যাপক যানজট তৈরি হয় সোনাপুর চৌপথী এলাকায়।

# মঙ্গল হাটে বিজেপির বিক্ষোভ মিছিল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ অক্টোবর : বিজেপির সাংসদ এবং বিধায়ক এর উপর হামলার প্রতিবাদে কালচিনি বিধানসভার কুড়ি নম্বর মন্ডলের মন্ডল সভাপতির নেতৃত্বে মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতের মঙ্গল হাট এলাকায় বিক্ষোভ মিছিল করলো বিজেপির নেতৃত্বরা এমনটাই জানা গেছে দলীয় সূত্রে মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ। গত সোমবার ত্রাণ দিতে গিয়ে তৃণমূলের নেতৃত্বের হাতে মার খেতে হয়েছে সাংসদ খগেন মুর্মু সহ বিধায়ক কে। তারই প্রতিবাদে আজ বিজেপির জেলা নেতৃত্বের নির্দেশে বিক্ষোভ মিছিল করা হয় মঙ্গল হাট এলাকায়।

# নয়নজুলিতে পড়ে গেল ট্রাক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ অক্টোবর : পন্য বোঝাই একটি ট্রাক ৩১ নং জাতীয় সড়কের পাশে উল্টে পড়ে গেল এমনটাই জানা গেছে এলাকার বাসিন্দাদের কাছ থেকে মঙ্গলবার রাত সাড়ে নটা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে হাসিমারা থেকে গৌহাটি যাওয়ার পথে ট্রাকটি দুর্ঘটনার কবলে পড়ে ৩১ নম্বর জাতীয় সড়কের দুর্গাবাড়ি সংলগ্ন এলাকায়। সম্ভবত গাড়ির চালক ঘুমে আচ্ছন্ন হয়ে পড়েছিলেন যার ফলেই দুর্ঘটনা ঘটেছে প্রাথমিক তদন্তে এমনটাই জানা গেছে পুলিশের কাছ থেকে। পুলিশ দুর্ঘটনার তদন্ত শুরু করেছে।

# বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন বিধায়ক শংকর ঘোষকে দেখতে গেলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৭ অক্টোবর : আহত শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ কে দেখতে মঙ্গলবার শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালে যান রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তার সাথে ছিলেন দলের রাজ্য সম্পাদক তথা ফালাকাটার বিধায়ক দীপক বর্মন সহ অন্যান্য বিজেপি নেতৃত্ব। উল্লেখ্য সোমবার বিধায়ক শংকর ঘোষ ও মালদহ উত্তরের সাংসদ খগেন মূর্মূ জলপাইগুড়ি জেলার বন্যা কবলিত নাগরাকাটা পরিদর্শনে গিয়ে একদল উত্তেজিত জনতার ছোঁড়া পাথরে জখম হন তাদের শিলিগুড়িতে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় ও সেখানেই তাদের চিকিৎসা চলছে। এদিন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী হাসপাতালে গিয়ে বিধায়কের স্বাস্থ্য সম্পর্কে খোঁজ খবর নেন।

# ত্রান বিলি করতে গিয়ে ফের বাধার সম্মুখীন বিজেপি বিধায়ক



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৭ অক্টোবর : বন্যার্তদের ত্রান বিলি করতে গিয়ে মঙ্গলবার দুপুরে ফের বাধাপ্রাপ্ত হলেন কুমারগ্রামের বিজেপি বিধায়ক মনোজ কুমার ওঁরাও। এদিন দুপুরে তিনি কুমারগ্রাম গ্রাম পঞ্চায়েতের বিত্তিবাড়ি প্রাথমিক স্কুলে আশ্রয় নেওয়া বন্যার্তদের ত্রাণ বিলি করতে যান। বিধায়কের অভিযোগ সেখানে তাকে ত্রান বিলিতে বাধা দেন বহিরাগত কয়েকজন তৃণমূল নেতা। তার দেহরক্ষী কেন্দ্রীয় বাহিনীর সাথে তৃণমূল সমর্থকদের হাতাহাতি বেধে যায়। তৃণমূল সমর্থকরা একজন নিরাপত্তা রক্ষীর লাঠি কেড়ে নেয়। তৃণমূলীরা পাথরের ঢিল ছুঁড়তে থাকে। ঢিলের আঘাতে দুজন মহিলা বিজেপি কর্মী ও কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীর জওয়ান আহত হন। বিধায়কের গাড়ি সহ আরেকটি গাড়ির কাঁচ ভেঙ্গে দেওয়া হয়। বিধায়ক বলেন তৃণমূলের শেষ সময় এসে গেছে, তাই এরা কি করবে ভেবে পাচ্ছেনা। সাধারন মানুষ এদের জবাব দেবে। আহত মহিলা কর্মীদের প্রথমে কুমারগ্রাম প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হয়,সেখান থেকে তাদের কামাখ্যাগুড়ি গ্রামীন হাসপাতালে পাঠানো হয়, তারপর তাদের আলিপুরদুয়ার জেলা হাসপাতালে রেফার করা হয়। আহত নিরাপত্তা কর্মীদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। অপরদিকে তৃণমূল নেতা তনুময় দাস জানান তিনদিন ধরে বন্যার্তরা বিত্তিবাড়ি প্রাথমিক স্কুলের শিবিরে আছেন,রাজ্য সরকার ও ব্লক এবং জেলা প্রশাসন তাদের সমস্ত রকম সহায়তা প্রদান করছে। তৃণমূল কর্মীরা তিনদিন ধরে বন্যা কবলিতদের পাশে থেকে পরিষেবা দিচ্ছেন। তিনদিন বাদে বিধায়ক এখানে আসায় মানুষ ক্ষিপ্ত হয়ে ওঠেন। বিধায়কের নিরাপত্তা রক্ষীরা লাঠি চালায় সাধারন মানুষকে দমন করার লক্ষ্যে সেই লাঠির আঘাতে কয়েকজন তৃণমূল কর্মী আহত হয়েছেন। শিবিরে আশ্রয় নেওয়া বন্যার্ত এক মহিলা বলেন তারা শিবিরে রাজ্য সরকারের থেকে সমস্ত সহায়তা পাচ্ছেন। এদিন বিধায়ক সামান্য কিছু ত্রান সামগ্রী নিয়ে শিবিরে আসেন তা দেখেই সকলে ক্ষিপ্ত হয়ে ওঠেন। তিনি আরও বলেন সারা বছর বিধায়কের দেখা পাওয়া যায়না, এখন তিনি এসেছেন ভোটের রাজনীতি করতে। কুমারগ্রাম থানার আই সি জানান সমস্ত বিষয়টি খতিয়ে দেখছে পুলিশ।

# নতুনপাড়া এলাকায় ত্রাণ বিতরণ করলেন সুমন কাঞ্জিলাল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ অক্টোবর : আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের নতুনপাড়া এলাকায় ত্রাণ বিতরণ করলেন বিধায়ক সুমন কাঞ্জিলাল সহ তৃণমূলের বিভিন্ন নেতৃত্বরা এমনটাই জানা গেছে বিধায়কের কাছ থেকে মঙ্গলবার বেলা তিনটা নাগাদ। গত রবিবার ভুটান থেকে আসা জল এবং অতিরিক্ত বৃষ্টির দরুন আলিপুরদুয়ার১ নম্বর ব্লকের বিভিন্ন এলাকা প্লাবিত হয়। জল কমে গেলেও এখনো পলি রয়ে গেছে, সাধারণ মানুষের ঘরে। অসহায় মানুষদের পাশে দাঁড়াবার জন্য বিধায়ক সুমন কাঞ্জিলাল মঙ্গলবার বেলা বারোটা থেকে ত্রাণ বন্টন শুরু করেছেন এলাকায়।

# মালদহ উত্তরের সাংসদ খগেন মুর্মুর উপর আক্রমনের প্রতিবাদে পথ অবরোধ বিজেপির



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ, মালদহ, ৭ অক্টোবর : মালদহ উত্তরের সাংসদ খগেন মুর্মুর উপর আক্রমনের প্রতিবাদে মঙ্গলবার বিজেপির মাণিকচক মন্ডল কমিটি মালদহের মানিকচক মথুরাপুর চৌরঙ্গী মোড়ে জাতীয় সড়ক অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ প্রদর্শন এর পাশাপাশি ধিক্কার মিছিল করে। উল্লেখ্য সাংসদ খগেন মুর্মু ও শিলিগুড়ির বিজেপি বিধায়ক শংকর ঘোষ জলপাইগুড়ি জেলার নাগরাকাটায় বন্যা পরিস্থিতি পরিদর্শনে গিয়ে এক দল বিক্ষুব্ধ জনতার ছোড়া পাথরে জখম হন। আক্রান্ত সাংসদ ও বিধায়ক কে শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়, সেখানেই তাদের চিকিৎসা চলছে। সাংসদ ও বিধায়কের উপর আক্রমনকারীদের দ্রুত গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান বিক্ষোভকারী বিজেপি কর্মী সমর্থকরা। বিক্ষোভে নেতৃত্ব দেন মালদহ দক্ষিন জেলা কমিটির সাধারন সম্পাদক গৌরচন্দ্র মন্ডল,মানিকচক মন্ডল সভাপতি সুভাশ চন্দ্র যাদব, মন্ডল নেতৃত্ব বিশ্বজিত মন্ডল, বিজেপির মহিলা মোর্চা নেত্রী পল্লবী মন্ডল সহ অন্যান্যরা। খবর পেয়ে মানিকচক থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে অবরোধ তুলে দেয়।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |